ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd
বাড়ি নং-১২৪/৯০/৩, ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ইউজিসি(পার্ট-৩)/২০২০/১০৭৪৫ তারিখ: ১৭.০১.২০২১খ্রি:

**বিষয়: সারাদেশে ডেঙ্গু রোগ প্রতিরোধ কার্যক্রম পর্যালোচনার জন্য Zoom Conference এর মাধ্যমে ৭ম পর্যায়ে আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রসঙ্গে।**

সূত্র নং-
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের স্মারক নং: ইউজিসি/প্রশা:/৪(৪)/৭৩/১১-২/৬০০৩, তারিখ: ২০.১২.২০২০খ্রি.
শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং: ৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৩৮.১৬.৪৪৭, তারিখ: ৩০.১১.২০২০খ্রি.

উপযুক্ত বিষয় ও সূত্রের মাধ্যমে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে প্রাপ্ত পত্রের আলোকে সারাদেশে ডেঙ্গু রোগ প্রতিরোধ কার্যক্রম পর্যালোচনার জন্য Zoom Conference এর মাধ্যমে ৭ম পর্যায়ের আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদ্সঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনামতে।

১৭/১/২১

(এ. এস. মাহমুদ)
রেজিস্ট্রার
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১
iauregistr@gmail.com

অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সকল ফাযিল ও কামিল মাদরাসা।

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ইউজিসি(পার্ট-৩)/২০২০/১০৭৪৫ তারিখ: ১৭.০১.২০২১খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. ট্রেজারার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. পরিচালক (অর্থ ও হিসাব), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. সভাপতি, গভর্নিং বডি/এডহক কমিটি (সকল ফাযিল ও কামিল মাদরাসা).......................................।
৬. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৮. অফিস নথি।

১৭.১.২১

(ড. মোঃ আবু হানিফা)
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
মোবাইল: ০১৭০৫-৪০৮০০৪

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

**University Grants Commission of Bangladesh**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.ugc.gov.bd


স্মারক নং- ইউজিসি/প্রশা:/8(8)/৭৩/১১-২/৬০০৩ | তারিখ: ০৫ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ / ২০ ডিসেম্বর ২০২০খ্রি.
---|---

**বিষয়: সারাদেশে ডেঙ্গু রোগ প্রতিরোধ কার্যক্রম পর্যালোচনার জন্য Zoom Conference এর মাধ্যমে ৭ম পর্যায়ে আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।**

সূত্র নং- ৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৩৮.১৬,৪৪৭ তারিখ: ৩০ নভেম্বর ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে প্রাপ্ত সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্ত (প্রযোজ্য ক্ষেত্রে) অনুযায়ী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হ'ল।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

সংযুক্তি: বর্ণনামতে।


20/12/2020
জাফর আহম্মদ জাহাঙ্গীর
যুগ্মসচিব
ফোন: ৫৮১৬০২৩২(অফিস)
jahanger@ugc.gov.bd


বিতরণ:

১-৪৬। রেজিস্ট্রার
ঢাকা/রাজশাহী/বাংলাদেশ কৃষি/ বাংলাদেশ প্রকৌশল/ চট্টগ্রাম/ জাহাঙ্গীরনগর/ ইসলামী/ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/ খুলনা/ জাতীয়/ বাংলাদেশ উন্মুক্ত/ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি/হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/ মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি/ পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/শেরে বাংলা কৃষি/ চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি/ খুলনা প্রকৌশল ও প্রযুক্তি/ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি/ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/জগন্নাথ/কুমিল্লা/ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম/চট্টগ্রাম ভেটেরিনারী ও এনিম্যাল সাইন্সেস/সিলেট কৃষি/যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/বেগম রোকেয়া/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি/বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি/বরিশাল/রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম/ ইসলামি আরবি/চট্টগ্রাম মেডিকেল/রাজশাহী মেডিকেল/ রবীন্দ্র বিশ্ববিদ্যালয় বাংলাদেশ/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি/ শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়/খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়/সিলেট মেডিকেল/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশনস অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়।

৪৭-১৪২। রেজিস্ট্রার
নর্থ সাউথ/ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি/ইন্ডিপেনডেন্ট/সেন্ট্রাল উইমেন্স/ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার এন্ড টেকনোলজি/ আন্তর্জাতিক ইসলামী/আহছানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি/আমেরিকান ইন্টারন্যাশনাল/ইস্ট ওয়েস্ট/এশিয়া প্যাসিফিক/ গণ/ দি পিপলস/এশিয়ান/ ঢাকা ইন্টারন্যাশনাল/ মানারাত ইন্টারন্যাশনাল/ ব্রাক/বাংলাদেশ/ লিডিং/ বিজিসি ট্রাষ্ট/ সিলেট ইন্টারন্যাশনাল/ ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অল্টারনেটিভ/ প্রিমিয়ার/ সাউথ ইস্ট/ডেফোডিল ইন্টারন্যাশনাল/ ষ্টামফোর্ড/ স্টেট/ সিটি/ প্রাইম/ নর্দান/ সাউদার্ন/ গ্রীণ/ পুন্ড্র/ ওয়ার্ল্ড/ শান্ত-মারিয়াম/ দি মিলিনিয়াম/ ইষ্টার্ণ/ মেট্রোপলিটন/ উত্তরা/ ইউনাইটেড ইন্টারন্যাশনাল/ ইউনিভার্সিটি অব সাউথ এশিয়া/বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি/প্রেসিডেন্সি/ ইউনিভাসিটি অফ ইনফরমেশন টেকনোলজি এন্ড সাইন্সেস/প্রাইম এশিয়া/রয়েল ইউনিভার্সিটি/ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস/অতীশ দীপংকর বিজ্ঞান ও প্রযুক্তি/ ভিক্টোরিয়া/ বাংলাদেশ ইসলামী/আশা ইউনিভার্সিটি/ ইস্ট ডেল্টা/ ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ/বরেন্দ্র/হামদর্দ/ বিজিএমইএ ইউনিভার্সিটি অভ ফ্যাশন এন্ড টেকনোলজি/নর্থ ইস্ট/ ফার্স্ট ক্যাপিটাল/ঈশাখাঁ ইন্টারন্যাশনাল/জেডএইচ শিকদার বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/এক্সিম ব্যাংক কৃষি/নর্থ ওয়েস্টার্ন/খাজা ইউনুস আলী/ সোনারগাঁও/ ফেনী/ ব্রিটানিয়া/ পোর্ট সিটি ইন্টারন্যাশনাল/বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেস/ চিটাগং ইন্ডিপেনডেন্ট/ নটরডেম/ টাইমস্/ নর্থ বেঙ্গল ইন্টান্যাশনাল/ ফারইস্ট ইন্টারন্যাশনাল/রাজশাহী সাইন্স এন্ড টেকনোলজি/শেখ ফজিলাতুন্নেছা মুজিব/কক্সবাজার ইন্টারন্যাশনাল/রণদা প্রসাদ সাহা/ জার্মান/ গ্লোবাল/সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি/ বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি (বিএইউএসটি)/বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (বিএআইইউএসটি)/দি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব স্কলার্স/ কানাডিয়ান/ এন.পি.আই/ নর্দান ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি/ রবীন্দ্র মৈত্রী/ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি/ সেন্ট্রাল ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি/ গ্লোবাল ভিলেজ/ আনোয়ার খান মডার্ণ/ জেডএনআরএফ/ বান্দরবন/ ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড/ ইউনিভার্সিটি অব ব্রাহ্মণবাড়িয়া/ইউনিভার্সিটি অব স্কিল এনরিচমেন্ট এন্ড টেকনোলজি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং- ইউজিসি/প্রশা:/8(8)/৭৩/১১-২/৬০০৩ | তারিখ: ০৫ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ / ২০ ডিসেম্বর ২০২০খ্রি.
---|---

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

১। সচিব, ইউজিসি, ঢাকা।
২-১০। পরিচালক (অর্থ ও হিসাব/পরিকল্পনা ও উন্নয়ন/রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন/পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট/বেসরকারি
১১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, ইউজিসি, ঢাকা।
১২। জনাব মোহাম্মদ শের মাহবুব মুরাদ, সিনিয়র সহকারী সচিব, সমন্বয় শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩-১৭। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, সদস্য মহোদয়গণের দপ্তর, ইউজিসি, ঢাকা।
১৮। অফিস কপি নথি।
১৯-২০। নথি/ মহানথি।


20/12/2020
মোহাম্মদ মামুনুর রশিদ খান
সহকারী সচিব
ফোন: ৫৮১৬০৩০৭(অফিস)
mrkhan@ugc.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৩৮.১৬.৪৪৭ তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৭
৩০ নভেম্বর ২০২০

বিষয়: সারাদেশে ডেঙ্গু রোগ প্রতিরোধ কার্যক্রম পর্যালোচনার জন্য Zoom Conference এর মাধ্যমে ৭ম আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সূত্র: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.১৮.০৪৭.১৯-১২০৫/১(২০০), তারিখ: ১৭ নভেম্বর ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হতে প্রেরিত পত্রটি এ সাথে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

৩০-১১-২০২০
মোহাম্মদ শের মাহবুব মুরাদ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৬৫৬৩
ইমেইল: sas_s4@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
২) চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল গ্রিন ডেল্টা এইমস টাওয়ার (লেভেল-১০) ৫১-৫২ মহাখালী বা/এ, ঢাকা ১২১২
৩) অতিরিক্ত সচিব , উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৪) অতিরিক্ত সচিব , প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৫) অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৬) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৭) অতিরিক্ত সচিব, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৮) অতিরিক্ত সচিব , মাধ্যমিক-১ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৯) অতিরিক্ত সচিব, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ

াগ

১ পরি[redacted] সচিব, পরিকল্পনা অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

ারম্যান , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ
ারসিএ)
াস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
াপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
পুটি সেক্রেটারি জেনারেল, ডেপুটি সেক্রেটারি জেনারেল এর
াংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
হাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো
বইস)
ধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
রিচালক, পরিচালকের দপ্তর, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর
হাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী
হাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
চয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
চয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
াদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী
র সুবিধা বোর্ড
সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ

ক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৩৮.১৬.৪৪৭/১

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৭
৩০ নভেম্বর ২০২০

ি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
াচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩০-১১-২০২০
মোহাম্মদ শের মাহবুব মুরাদ
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বিষয়: সারাদেশে ডেঙ্গু রোগ প্রতিরোধ কার্যক্রম পর্যালোচনার জন্য Zoom Conference-এর মাধ্যমে ৭ম আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ তাজুল ইসলাম এমপি<br>মাননীয় মন্ত্রী<br>স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| সভার স্থান | : | Zoom Conference এর মাধ্যমে |
| তারিখ ও সময় | : | ০১ নভেম্বর ২০২০, সকাল ১১.৩০ টা |
| উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | পরিশিষ্ট- 'ক' |

সভার আলোচনা:

১.১ মাননীয় মন্ত্রীর সদয় অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব জনাব হেলালুদ্দীন আহমদ সভা শুরু করেন। তিনি সভায় উপস্থিত সকল সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সমন্বয়ক (এসডিজি) জনাব জুয়েনা আজিজ ও অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগের কর্মকর্তাগণকে স্বাগত জানান। তিনি বলেন, প্রতি বছর নভেম্বর মাসে স্বাভাবিকভাবে মশার উপদ্রব কিছুটা বাড়ে। বর্তমান কোভিড-১৯ মহামারিকালীন যাতে কোনক্রমেই মশার উপদ্রব না বাড়ে এবং ডেঙ্গুর প্রকোপ আরও কমিয়ে আনা যায়-সে বিষয়ে গৃহীত কার্যক্রম পর্যালোচনার জন্য এ সভা আহ্বান করা হয়েছে। মাননীয় মন্ত্রী সকলের বক্তব্য শুনে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। অতঃপর তিনি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এমপি-কে সূচনা বক্তব্য প্রদানের অনুরোধ জানান।

১.২ সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন, কোভিড-১৯ মহামারি পরিস্থিতির মধ্যেও আমাদের সকলের ঐকান্তিক প্রচেষ্টায় ডেঙ্গু প্রতিরোধে এ বছর অভাবনীয় সফলতা অর্জন সম্ভব হয়েছে। গত বছর ডেঙ্গু নিয়ে মানুষের মধ্যে এক ধরনের আতংক বিরাজমান ছিল। গত বছরের অভিজ্ঞতার আলোকে এ বছরের শুরু হতে আমাদের কর্মপরিকল্পনা অনুযায়ী ধারাবাহিক কর্মতৎপরতার ফলে এ বছর এর প্রাদুর্ভাব খুবই নগন্য। এজন্য তিনি সকল সিটি কর্পোরেশনের মেয়র, কাউন্সিলর, কর্মকর্তা-কর্মচারী এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা ওয়াসা-সহ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/ বিভাগ ও দপ্তর/ সংস্থাকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন, গত বছর মশা নিয়ন্ত্রণে কীটনাশক আমদানীর লাইসেন্স প্রদান কার্যক্রম আরও সহজীকরণের জন্য বিভিন্ন সিটি কর্পোরেশন হতে অনুরোধ করা হয়েছিল। সে প্রেক্ষিতে কৃষি মন্ত্রণালয় এবং এর অধীনস্ত উদ্ভিদ সংরক্ষণ উইং এর সাথে ধারাবাহিক আলোচনাক্রমে মশক নিধনে ব্যবহৃত কীটনাশক আমদানীর জন্য একাধিক প্রতিষ্ঠানকে লাইসেন্স প্রদান করা হয়েছে। এছাড়া, সিটি কর্পোরেশনসমূহের মশক নিধন কাজে ব্যয় নির্বাহের জন্য গত অর্থ বছর এবং বর্তমান অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগ হতে পর্যাপ্ত থোক বরাদ্দ প্রদান করা হয়েছে। মশক নিধন কার্যক্রমে জনসম্পৃক্ততা তৈরী এবং জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে TVC তৈরী করে বিভিন্ন গণমাধ্যমে একযোগে প্রচার চলমান রয়েছে। সিটি কর্পোরেশনসমূহ প্রতিটি এলাকাকে জোন/ সাবজোনে বিভক্ত করে জনসচেতনতা তৈরী করা হয়েছে। প্রয়োজনে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয়েছে। তিনি বলেন, মশক নিধনে আমাদের বর্তমান সাফল্য ভবিষ্যতে যে কোনো চ্যালেঞ্জ মোকাবেলায় আমাদের সকলকে উৎসাহ প্রদান করবে এবং তা একটি অনুসরণীয় দৃষ্টান্ত হয়ে থাকবে। তিনি সকল সিটি কর্পোরেশন এবং দপ্তর/ সংস্থার পক্ষ হতে তাদের চলমান কার্যক্রম সম্পর্কে সভায় অবহিত করা এবং কোন সীমাবদ্ধতা থাকলে তা

১.৩ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম বলেন, তাঁর দায়িত্ব গ্রহণের পর হতে মাননীয় মন্ত্রী'র নেতৃত্বে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পক্ষ হতে এ বিষয়ে সর্বাত্মক কার্যক্রম অব্যাহত রয়েছে। এ বছরে এখন পর্যন্ত ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গু রোগে আক্রান্ত রোগীর সংখ্যা খুবই নগন্য। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৪৪টি কেন্দ্রে বিনামূল্যে ডেঙ্গু রোগ সনাক্তকরণের কাজ চলমান রয়েছে। এছাড়া, কোথাও কোন ডেঙ্গু রোগী সনাক্ত হলে সিটি কর্পোরেশনের Rapid Action Team দ্রুততম সময়ে রোগীর বাসস্থান ও এর চারপাশে লার্ভিসাইড প্রয়োগ করে থাকে। তিনি বলেন, মশকের লার্ভা নিধনকল্পে কীটনাশক আমদানীর ক্ষেত্রে আমদানী শুল্ক প্রায় ৬০-৭০%। অপরদিকে কৃষিকাজে ব্যবহৃত কীটনাশকের আমদানী শুল্ক মাত্র ৬-৭%। ফলে উচ্চ শুল্ক হারের জন্য বেসরকারি পর্যায়ে আমদানীকারকগণ কীটনাশক আমদানীতে উৎসাহিত হচ্ছেন না। ফলে দ্রুততম সময়ে মশকের লার্ভা নিধনকারী কীটনাশক আমদানী শুল্ক হ্রাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি সভাপতিকে অনুরোধ জানান। গত মে মাস হতে প্রতি মাসে অন্তত ১০ দিন ব্যাপী চিরুনি অভিযান পরিচালনা করা হচ্ছে এবং মশকের প্রজননের জন্য দায়ী বাসা/বাড়ির মালিককে মোবাইল কোর্টের মাধ্যমে জরিমানা আদায় করা হচ্ছে। তিনি মশক নিধনে চিরুনি অভিযান পরিচালনার জন্য আরও ১০ দশ জন নির্বাহী ম্যাজিস্ট্রেট পদায়নের জন্য অনুরোধ জানান।

১.৪ খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র তালুকদার আব্দুল খালেক মশকের বংশবিস্তার রোধে প্রতি মাসে নিয়মিত সভা আহ্বানের জন্য এবং সময়োপোযোগী নির্দেশনা প্রদানের জন্য মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ডেঙ্গু মোকাবেলায় গত অর্থ বছর এবং বর্তমান অর্থ বছরে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য তিনি সভাপতিকে ধন্যবাদ জানান। উক্ত অর্থ ব্যয়ে প্রয়োজনীয় লার্ভিসাইড, এডাল্টিসাইড, ফগার মেশিন, হ্যান্ড স্প্রে মেশিন ও অন্যান্য সরঞ্জামাদি ক্রয় করা হয়েছে। ডেঙ্গু মোকাবেলায় এ বছর বর্ষা মৌসুম শুরুর পূর্ব হতেই যথেষ্ট প্রস্তুতি নিয়ে ড্রেনেজ পরিষ্কার করাসহ পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়। এর ফলে এ বছর বর্তমান সময় পর্যন্ত খুলনা নগরীতে কোন ডেঙ্গু রোগী সনাক্ত হয়নি। মশক নিধনে ব্যবহৃত কীটনাশকের আমদানী শুল্ক হ্রাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনিও সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

১.৫ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রশাসক জনাব মোহাম্মদ খোরশেদ আলম সুজন বলেন, মশক নিধনকল্পে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক দীর্ঘমেয়াদী কার্যক্রম চলমান রয়েছে। নগরীর বিভিন্ন আবাসিক ভবনে ছাদবাগান বা অন্যান্য স্থানে যাতে কোন ক্রমেই পানি না জমে থাকে, এ বিষয়ে জনসচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। নগরীর সকল খালসমূহ পরিচ্ছন্ন করা হচ্ছে। চট্টগ্রাম নগরীতে বর্তমানে ডেঙ্গু রোগীর সংখ্যা খুবই নগন্য মর্মে তিনি উল্লেখ করেন।

১.৬ গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম বলেন, মশক ও লার্ভা নিধনে ব্যবহৃত কীটনাশক আমদানীর ক্ষেত্রে আমদানী শুল্ক জনস্বার্থে সম্পূর্ণ বিলোপ করা প্রয়োজন। এতে সিটি কর্পোরেশনসমূহের বিপুল অর্থের সাশ্রয় হবে। গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় এখন পর্যন্ত উল্লেখযোগ্য কোন ডেঙ্গু রোগী সনাক্ত হয়নি। তিনি বলেন, টঙ্গী হতে রাজেন্দ্রপুর চৌরাস্তা পর্যন্ত গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক চলমান Greater Dhaka Sustainable Urban Transport Project (BRT Gazipur-Airport) শীর্ষক প্রকল্পের দীর্ঘসূত্রতা, যত্রতত্র নির্মাণ সামগ্রী ফেলে রাখা এবং বাতাসে প্রচুর ধুলাবালুর কারণে অবর্ণনীয় জনভোগান্তির সৃষ্টি হয়েছে। প্রকল্প এলাকায় বৃষ্টির পানি জমে মশকের লার্ভা জন্মানোর ক্ষেত্র সৃষ্টি হচ্ছে। এর পরিত্রাণকল্পে দ্রুততম সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে অনুরোধ জানানো প্রয়োজন। তিনি সিটি কর্পোরেশনসমূহকে পরিষ্কার পরিচ্ছন্নতা এবং মশক নিধন খাতে পরবর্তী অর্থ বছর হতে বাজেট বরাদ্দ বৃদ্ধি করার জন্য অর্থ বিভাগ বরাবর পত্র প্রেরণের প্রস্তাব করেন।

১.৭ সিলেট সিটি কর্পোরেশনের মেয়র জনাব আরিফুল হক চৌধুরী বলেন, সিলেট সিটি কর্পোরেশন এলাকায় মশকের সম্ভাব্য প্রজনন স্থল চিহ্নিত করে অভিযান পরিচালনা করা হচ্ছে। একটি মনিটরিং সেল গঠন করে মশক নিধন কার্যক্রম নিবিড় তদারকি করা হচ্ছে।

১.৮ কুমিল্লা সিটি কর্পোরেশনের মেয়র জনাব মোঃ মনিরুল হক বলেন, কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকায় মশক নিধন কার্যক্রম নিয়মিত ওয়ার্ডভিত্তিক মনিটরিং করা হয়। বর্তমানে ব্যবহৃত কীটনাশকের মান অত্যন্ত ভালো বিধায় সুফল পাওয়া যাচ্ছে। কুমিল্লা শহরেও উল্লেখযোগ্য কোন ডেঙ্গু রোগী নেই মর্মে তিনি জানান।

১.৯ ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র জনাব ইকরামুল হক বলেন, ময়মনসিংহ সিটি কর্পোরেশনে অধীনে সকল আবাসিক এলাকায় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে মনিটরিং টিম কাজ করছে। মশকের বংশবিস্তার রোধে কর্মপকল্পনা অনুযায়ী সকল ওয়ার্ডে মশক ও লার্ভা নিধন কার্যক্রম অব্যাহত রয়েছে।

১.১০ বেগম জুয়েনা আজিজ, মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয় ডেঙ্গু রোগের প্রতিরোধকল্পে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র নেতৃত্বে সমন্বিত কার্যক্রমের প্রশংসা করেন। স্বাস্থ্যসেবা বিভাগের তথ্য অনুযায়ী গত বছরের তুলনায় এ বছরে ডেঙ্গু রোগীর সংখ্যা উল্লেখযোগ্যভাবে হ্রাস পাওয়ায় তিনি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং সকল সিটি কর্পোরেশনের মেয়রগণকে ধন্যবাদ জানান। তিনি বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর প্রত্যাশা পূরণে আমাদের সকলকে একসাথে কাজ করতে হবে। তিনি ডেঙ্গু ব্যবস্থাপনায় এ বছরের সফলতা/ অভিজ্ঞতার আলোকে একটি লিখিত গাইডলাইন তৈরীর প্রস্তাব করেন, যা ভবিষ্যতে কাজে লাগবে। তিনি সিটি কর্পোরেশনের মেয়রগণের প্রস্তাব অনুযায়ী মশকের কীটনাশক আমদানীর বিষয়ে আমদানী শুল্ক হ্রাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানান।

১.১১ স্বাস্থ্য সেবা বিভাগের অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য) জনাব মোঃ মোস্তফা কামাল বলেন, এ বছর শুরু হতেই স্বাস্থ্য সেবা বিভাগ, স্থানীয় সরকার বিভাগ-সহ সরকারের অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তর/ সংস্থার সম্মিলিত প্রচেষ্টার কারণে বর্তমানে ডেঙ্গু রোগীর সংখ্যায় অনেক কম। কোভিড-১৯ মহামারির মধ্যেও যাতে কোনভাবে ডেঙ্গু রোগী সনাক্ত করা ও যথাযথ চিকিৎসার ক্ষেত্রে কোন ত্রুটি না থাকে, সেজন্য তাঁর মন্ত্রণালয়ের পক্ষ হতে সর্বাত্মক প্রস্তুতি রয়েছে।

১.১২ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ শহীদ উল্লা খন্দকার বলেন, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র নির্দেশনায় নিজ মন্ত্রণালয়ের অধীনস্ত সরকারি অফিস, আবাসিক বাসভবনসমূহে যাতে কোনোক্রমেই যাতে মশকের লার্ভা সৃষ্টি হতে না পারে, তা মনিটরিং করার জন্য বিভিন্ন মনিটরিং টিম কাজ করছে। ঢাকা মহানগরীতে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় সকল খাল/লেকসমূহ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন করা হচ্ছে। তিনি নিজে এ সকল কার্যক্রম তদারকি করছেন। মশকের বংশবিস্তার রোধে তাঁর মন্ত্রণালয়ের সার্বিক কার্যক্রম অব্যাহত থাকবে মর্মে তিনি উল্লেখ করেন।

১.১৩ ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী তাকসিম খান বলেন, ঢাকা ওয়াসার নিয়ন্ত্রণাধীন যে খালসমূহও যাতে কচুরীপানা, বর্জ্যমুক্ত থাকে সেজন্য নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন করা হচ্ছে।

১.১৪ স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (রোগ নিয়ন্ত্রণ) ডা. শাহনিলা ফেরদৌসী বলেন, বাংলাদেশ সরকারি-বেসরকারি হাসপাতালসমূহে ডেঙ্গু রোগীদের সনাক্ত করা এবং যথাযথ চিকিৎসার জন্য এ বছরের শুরু হতেই স্বাস্থ্য অধিদপ্তরের পক্ষ হতে পূর্ণাঙ্গ প্রস্তুতি গ্রহণ করা হয়। এছাড়া, সকল হাসপাতাল কম্পাউন্ড যাতে সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্ন থাকে, তা নিশ্চিত করার জন্য নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। এ বছরে সারাদেশে এ পর্যন্ত ৬২৭ জন রোগী ডেঙ্গু রোগে সনাক্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। গত ২৪ ঘন্টায় ডেঙ্গু রোগে আক্রান্ত ১১ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। এ বছর এ পর্যন্ত মাত্র ৩-৪ জন রোগী মৃত্যুবরণ করেছেন। সার্বিক পর্যালোচনায়, ডেঙ্গু রোগে বিস্তার অত্যন্ত স্বাভাবিক পর্যায়ে রয়েছে মর্মে তিনি উল্লেখ করেন।

১.১৫ স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব জনাব হেলালুদ্দীন আহমদ সভায় বলেন, দীর্ঘমেয়াদী পরিকল্পনা অনুযায়ী সকল মন্ত্রণালয়/ বিভাগ, দপ্তর/ সংস্থা ও সিটি কর্পোরেশনসমূহের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

১.১৬ সভাপতি এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী আশাবাদ ব্যক্ত করেন, মশকের বংশবিস্তার রোধকল্পে সরকারের সকল মন্ত্রণালয়/ বিভাগ, দপ্তর/ সংস্থার স্ব স্ব দায়িত্ব পালন অব্যাহত থাকবে। সকলের ঐকান্তিক প্রচেষ্টা, সকল সংস্থার মধ্যে সমন্বয় বজায় থাকবে। তিনি বলেন, এর পাশাপাশি সকল সরকারি-বেসরকারি হাসপাতালে সৃষ্ট চিকিৎসা বর্জ্যের নিরাপদ ব্যবস্থাপনা একটি গুরুত্বপূর্ণ ইস্যু। জনস্বাস্থ্যকে সর্বোচ্চ দিয়ে চিকিৎসা বর্জ্যকে বিজ্ঞানসম্মতভাবে Incineration পদ্ধতির মাধ্যমে অভ্যন্তরীণভাবে নিরাপদ বর্জ্যে রূপান্তর করতে হবে। তিনি বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী'র নেতৃত্বে আমরা সকলের ঐকান্তিক প্রচেষ্টায় মশক নিধনে এ সাফল্য অর্জন করতে পেরেছি। মাননীয় প্রধানমন্ত্রী দেশের উন্নয়নে দিন-রাত পরিশ্রম করছেন, যা দায়িত্ব পালনে আমাদের সবাইকে উৎসাহিত করছে। আমরা সকলে মিলে একসাথে কাজ করলে বাংলাদেশ বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলায় পরিণত হবে।

২. সভার সিদ্ধান্ত:

সভায় সকলের বক্তব্য শ্রবণান্তে সভাপতি সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত প্রদান করেন:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ২.১ | মশকের বংশবিস্তার রোধে সরকারের সকল মন্ত্রণালয়/ বিভাগ, দপ্তর/ সংস্থা ও সিটি কর্পোরেশন/ পৌরসভা কর্তৃক বছরব্যাপী পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত থাকবে। | সকল মন্ত্রণালয়/ বিভাগ এবং আওতাধীন দপ্তর/ সংস্থা/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান |
| ২.২ | সিটি কর্পোরেশনসমূহ মশক নিধনে ব্যবহৃত কীটনাশকের আমদানি শুল্ক হ্রাস করার জন্য এ সম্পর্কিত পূর্ণাঙ্গ তথ্যসহ প্রস্তাব প্রেরণ করবে। প্রস্তাব প্রাপ্তির পর এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডকে অনুরোধ জানানো হবে। | ১. স্থানীয় সরকার বিভাগ<br>২. সিটি কর্পোরেশন (সকল) |
| ২.৩ | সকল সরকারি-বেসরকারি হাসপাতালে সৃষ্ট চিকিৎসা বর্জ্যের নিরাপদ ব্যবস্থাপনার জন্য স্বাস্থ্য সেবা বিভাগ জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ১. স্থানীয় সরকার বিভাগ<br>২. সিটি কর্পোরেশন (সকল) |
| ২.৪ | গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় চলমান Greater Dhaka Sustainable Urban Transport Project (BRT Gazipur-Airport) শীর্ষক প্রকল্প এলাকায় কাজের দীর্ঘসূত্রতা, যত্রতত্র নির্মাণ সামগ্রী ফেলে রাখা, বাতাসে মাত্রাতিরিক্ত ধুলাবালুজনিত জনভোগান্তি লাঘব এবং বৃষ্টির পানি জমে মশকের লার্ভা জন্মানো প্রতিরোধে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ১. সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>২. স্থানীয় সরকার বিভাগ |
| ২.৫ | ডেঙ্গু ব্যবস্থাপনায় এ বছরের অভিজ্ঞতা, সাফল্য ও চ্যালেঞ্জ নিয়ে ভবিষ্যতের জন্য একটি লিখিত গাইডলাইন প্রণয়ন করা হবে। | স্থানীয় সরকার বিভাগ। |

৩. সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/১০/২০২০

মোঃ তাজুল ইসলাম এমপি
মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়